

১০/১০/২৪

প্রক্রিয়া
তারিখ: ০৫/১০/২৪
বর্ষ: ২০২৪



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রান্স্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.৫৮

বিষয়: ষষ্ঠ থেকে মাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত অসচল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদানের
লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরের সেপ্টেম্বর-অক্টোবর প্রাপ্তে অনলাইনে আবেদন প্রাপ্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ষষ্ঠ থেকে মাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসার্থীন
অসচল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রান্স্ট কর্তৃক 'দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান
নির্দেশিকা, ২০২০' অনুসরণপূর্বক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হয়।

২। চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য চিকিৎসার্থীকে ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেমের [https://www.eservice.
pmeat.gov.bd/medical](https://www.eservice.pmeat.gov.bd/medical) -এ লিংকে প্রাবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসার্থী বর্ণিত লিংক
ব্যবহার করে অনলাইনে তার চিকিৎসা মেয়াদে একবার মাত্র চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবেন এবং দুর্ঘটনায় গুরুতর আহত ও
হাসপাতালে চিকিৎসা প্রাপ্তির সময়কাল বিজ্ঞপ্তি প্রকাশের অর্থবছর অথবা এক বছরের মধ্যে হতে হবে। চিকিৎসা অনুদানের জন্য আবেদনের ক্ষেত্রে
দুর্ঘটনা প্রাপ্তির মধ্যে জেলা গর্ভায়ে সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক, উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক
দুর্ঘটনায় গুরুতর আহত'-র সমর্থনে প্রত্যয়নকৃত শিক্ষার্থীর চিকিৎসা সনদ, চিকিৎসা প্রাপ্তি সংক্রান্ত প্রয়োজনীয় রিপোর্ট ও নির্ধারিত ফরমে শিক্ষা
প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন প্রাপ্তির অনলাইনে আপলোড করতে হবে। শিক্ষার্থীকে আবেদনের সময় শিক্ষার্থী/পিতা/মাতা'র নিজ ব্যাংক
হিসাব নম্বর উল্লেখ করতে হবে। এ ক্ষেত্রে এজেন্ট ব্যাংকিং হিসাব নম্বর প্রদর্শনযোগ্য নয়।

৩। বর্ণিত অবস্থায়, ই-চিকিৎসা অনুদান ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র অনলাইনে আপলোড করে ষষ্ঠ থেকে মাতক ও
সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসার্থীদের ২০২৪-২৫ অর্থবছরের সেপ্টেম্বর-অক্টোবর প্রাপ্তের আবেদন আগোস্ট ৩১/১০/২০২৪ খ্রি।
তারিখ রাত ১১:৫৯ মিটিন পর্যন্ত ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে অনলাইনে করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫-০৯-২০২৪

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক

০২-৫৫০০০৮২৮

ad.stipend@pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক/থানা শিক্ষা অফিস (সকল) [সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিজ্ঞপ্তি অবহিত করার অনুরোধসহ]।


স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.৫৮/১ (১০)

২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক (সকল);
- ২। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৩। উপজেলা নির্বাচী অফিসার (সকল);
- ৪। কর্মকর্তা (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রান্স্ট;
- ৫। কর্মকর্তা (সকল), সমষ্টি উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রান্স্ট;
- ৬। পরিচালক, আইসিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিকার্থা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রান্স্ফর প্রয়োজনীয় আইটি সহায়তা প্রদান ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
এবং
১০। ব্যক্তিগত সহকারী (ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক-ঈর সদয় অবগতির জন্য) (সকল)।



০৫-০৯-২০২৪

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

(১) চিকিৎসা অনুদান নির্দেশিকা, ২০২০